

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা - ৭০০ ০০৭
ফোন নং - (০৩৩) ২২৪১-২০৬০

সাকুলার - ১/২০২৪

তারিখ ১৮ -০৭-২০২৪

কনভেনর প্রাইমারী ইউনিট/সম্পাদক জেলা কমিটি,


-----কলেজ/বিশ্ববিদ্যালয়।

সার্থী,

আপনি এবং আপনার ইউনিটের সদস্যবন্ধুদের ঐকান্তিক সহযোগিতায় আমাদের সকলের প্রিয় অধ্যাপক সমিতির ৯৫তম বার্ষিক সাধারণ সভা গত ৩০ জুন, ২০২৪ গোলপার্ক রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচারে অত্যন্ত উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সম্পন্ন করার জন্য আপনাদের সকলকে সংগ্রামী অভিনন্দন জানাই। আপনাদের সক্রিয় অংশগ্রহণে ৯৫তম বার্ষিক সাধারণ সভার নির্যাস আগামীদিনে সমিতির লড়াই সংগ্রামকে নিশ্চয়ই আরও জোরালো করে তুলবে।

আপনাদের সকলের অবগতির জন্য জানাই, SACT সহকর্মী বন্ধুদের প্রভিডেন্ট ফান্ডের অধীনে আনার জন্য দীর্ঘদিন যাবৎ সমিতির পক্ষ থেকে আমরা সচেষ্ট আছি। বার্ষিক সাধারণ সভায় উপস্থিত আপনারা সকলেই জানেন, এই বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকের সাথে সাক্ষাৎ করার পর সমিতির পক্ষ থেকে SACT বন্ধুদের প্রভিডেন্ট ফান্ডের আওতায় আনার জন্য অ্যাডিশনাল সেন্ট্রাল প্রভিডেন্ট ফান্ড কমিশনারের কাছে চিঠি পাঠানো হয়েছে। বর্তমানে সমিতির সদস্য প্রত্যেক SACT বন্ধুকে অনুরোধ, আপনি আপনার নিয়োগ পত্র এবং বিকাশভবন থেকে প্রাপ্ত অনুমোদন পত্রের প্রতিলিপি আগামী ৩১ জুলাই, ২০২৪-এর মধ্যে সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে জমা দিন। সংশ্লিষ্ট বিভাগের পরবর্তী পদক্ষেপের জন্য আপনাদের কাছ থেকে প্রাপ্ত প্রতিলিপি সমিতির পক্ষ থেকে সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার ব্যবস্থা করা হবে।

সংগ্রামী অভিনন্দন সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক, ওয়েবকুটা

মোবাইল নং - ৯৮৩০০২১৭৯৪